

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ এপ্রিল'২০২৪খ্রি.

**জাপানের অভিজ্ঞতা বাংলাদেশের উন্নয়নের পথপ্রদর্শক : মেয়র রেজাউল**

জাপানের অভিজ্ঞতা বাংলাদেশের উন্নয়নের ক্ষেত্রে পথপ্রদর্শকের ভূমিকা পালন করতে পারে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার জাপানে দ্য অ্যাসোসিয়েশন ফর ওভারসিজ টেকনিক্যাল কো-অপারেশন অ্যান্ড সাসটেইনেবল পার্টনারশিপস (এওটিএস) আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় কী-নোট স্পিকারের বক্তব্যে এ মন্তব্য করেন মেয়র। তিনি জাপান-বাংলাদেশের সম্পর্কোন্নয়নে গুরুত্বারোপ করে বলেন, মানব সম্পদ উন্নয়নে জাপান এওটিএস চট্টগ্রাম এওটিএস এলামনাই সোসাইটির সাথে সমন্বিতভাবে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন যার ফলে বাংলাদেশের বিভিন্ন সেক্টরে কর্মরত ব্যক্তিবর্গ এওটিএস এর প্রশিক্ষণ নিয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে সক্ষম হচ্ছেন।

দ্য অ্যাসোসিয়েশন ফর ওভারসিজ টেকনিক্যাল কো-অপারেশন অ্যান্ড সাসটেইনেবল পার্টনারশিপস (এওটিএস) হল প্রশিক্ষণ, বিশেষজ্ঞ প্রেরণ এবং অন্যান্য কর্মসূচির মাধ্যমে প্রযুক্তিগত সহযোগিতার প্রচারের জন্য উন্নয়নশীল দেশগুলিতে মানব সম্পদ উন্নয়নের জন্য একটি সংস্থা।

এসময় মেয়রের সাথে ছিলেন কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, মেয়রের একেস্ত সচিব আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিনসহ প্রশিক্ষণার্থীরা।

**চসিকের উচ্ছেদ অভিযান পরিচালিত**

**রাস্তা ও ফুটপাথ দখল করায় ৪ ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ সোমবার নগরীর মোবাইল কোর্ট পরিচালনা করেন। অভিযানকালে বন্দর থানাধীন সল্টগোলা ক্রসিং ও খুলশী থানার লালখান বাজার মোড় এলাকায় রাস্তা ও ফুটপাথ দখল করে দোকানের অংশ বর্ধিত করে মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮